



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় সেনাবাহিনী কর্তৃক নির্যাতন চালিয়ে ইউপিডিএফ নেতাকে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর মুখপাত্র অংগ্য মারমা আজ মঙ্গলবার, ১৫ মার্চ ২০২২ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে খাগড়াছড়ির দীঘিনালায় সেনাবাহিনী কর্তৃক অমানুষিক শারীরিক নির্যাতন চালিয়ে ইউপিডিএফ'র সংগঠক মিলন চাকমা ওরফে সৌরভ (৪৭)-কে [জাতীয় পরিচয়পত্র অনুসারে তার নাম নবায়ন চাকমা] হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ ভোররাত আনুমানিক সাড়ে ৩টার সময় দীঘিনালা সেনা জোন থেকে একদল সেনা সদস্য দীঘিনালা উপজেলার ৪নং দীঘিনালা ইউনিয়ন ১নং ওয়ার্ডের বাগানপাড়া এলাকার মনিউদ্র কার্বারি পাড়ায় হানা দেয়। এ সময় সেনারা ওই গ্রামের বাসিন্দা শান্তি রঞ্জন চাকমা(৪৮)-এর বাড়িটি ঘেরাও করে। পরে সেনারা বাড়িটিতে ব্যাপক তল্লাশি চালায়। এ সময় সেনারা সেখানে চিকিৎসার কারণে অবস্থানরত ইউপিডিএফ সংগঠক মিলন চাকমাকে আটক করে মধ্যযুগীয় কায়দায় অমানুষিক শারীরিক নির্যাতন চালায়। এতে তার শরীরের অবস্থা খারাপ হলে সেনারা তাকে নিয়ে এসে দীঘিনালা উপজেলা হাসপাতালে ভর্তি করায়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সকালে তার মৃত্যু হয়। শুধু তাই নয়, সেনারা শান্তি রঞ্জনের বাড়ি তল্লাশিকালে তাঁর বাড়ির জিনিসপত্র তছনছ করে দেয় ও বাড়িতে রাখা নগদ ৪০ হাজার ৪৬০ টাকা লুট করে নিয়ে যায় বলে অভিযোগ উঠেছে।

বিবৃতিতে তিনি অভিযোগ করে আরো বলেন, পার্বত্য চট্টগ্রামে ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলন দমনে সরকার খুন-গুমের পথ বেছে নিয়েছে। ইউপিডিএফের ওপর রাষ্ট্রীয় সন্ত্রাস চালানো হচ্ছে। যার অংশ হিসেবে ইউপিডিএফ নেতা-কর্মীদের বিনা বিচারে হত্যা, গ্রেফতার, নির্যাতন ও মিথ্যা মামলা দিয়ে কারাগারে বন্দি করে রাখা হচ্ছে।

তিনি বলেন, পার্বত্য চট্টগ্রামের সমস্যা একটি রাজনৈতিক সমস্যা। কিন্তু সরকার রাজনৈতিকভাবে এ সমস্যার সমাধানের পথে না গিয়ে সেনাবাহিনীকে ব্যবহার করে অবর্ণনীয় দমন-পীড়ন চালাচ্ছে। আর এতে পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতি দিন দিন খারাপের দিকে ধাবিত হচ্ছে। জুম্ম জনগণ চরম নিরাপত্তাহীনতার মধ্যে বসবাস করতে বাধ্য হচ্ছেন।

বিবৃতিতে তিনি অবিলম্বে মিলন চাকমা হত্যার সুষ্ঠু তদন্ত ও বিচার, ঘটনায় জড়িত সেনা সদস্যদের শাস্তি এবং পার্বত্য চট্টগ্রাম থেকে সেনাশাসন প্রত্যাহারপূর্বক সম্পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করা ও সকল প্রকার অন্যায্য দমন-পীড়ন, খুন, গুম ও রাষ্ট্রীয় সন্ত্রাস বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)